



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৪

তারিখ : ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

করোনাভাইরাস সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সীমিত পরিসরে ব্যাংকিং সেবা চালু রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ১১ এপ্রিল ২০২১ ও ১২ এপ্রিল ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং যথাক্রমে ১২ ও ১৩ এর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির অবনতির কারণে ১৪ এপ্রিল ২০২১ হতে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত সরকার ঘোষিত বিধি-নিষেধ চলাকালীন সময়ে সাধারণভাবে সকল তফসিলি ব্যাংক বন্ধ ঘোষণা করা হয়েছে। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে আজ ১৩ এপ্রিল ২০২১ তারিখে ব্যাংকিং লেনদেনের সময়সূচী সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত পুনর্নির্ধারণ করা হলো। এক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট ব্যাংক শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনে অপরাহ্ন ৫:০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে। ১১ এপ্রিল ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং ১২ এর অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯৩